তারিখ 25 MAY 2017

কালের কণ্ঠ

মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন

# পাঠ্য বই ছাপা হবে বসুন্ধরার কাগজে

নিজস্ব প্রতিবেদক ▷

আগামী বছর সারা দেশে মাধ্যমিক স্তরে সরকার বিনা মূল্যে যে পাঠ্য বই বিতরণ করবে কোমলমতি শিক্ষার্থীদের মধ্যে, তা ছাপাতে যে কাগজ লাগবে তা সরবরাহ করবে দেশের অন্যতম বৃহৎ শিল্পগোষ্ঠী বসুন্ধরা গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান বসুন্ধরা মাল্টিপারপাস ইন্ডাস্ট্রিজ লিমিটেড।

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে গতকাল অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি বসুন্ধরা গ্রুপের প্রতিষ্ঠানের কাছ থেকে কাগজ নেওয়ার ক্রয় প্রস্তাব নীতিগতভাবে অনুমোদন দিয়েছে। বৈঠকের পর মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মাকসুদুর রহমান পাটোয়ারী এ তথ্য জানান।

মাকসুদুর রহমান বলেন, ২০১৮ শিক্ষাবর্ষে মাধ্যমিক শ্রেণির বাংলা ও ইংরেজি এবং এসএসসি ভোকেশনাল স্তরের বিনা মূল্যে বিতরণযোগ্য পাঠ্যপুস্তক মুদ্রণের জন্য ২১ হাজার ৫০০ টন মুদ্রণ কাগজ ও দুই হাজার ২০০ টন আর্ট কার্ড কেনা হবে। এসব কাগজ যৌথভাবে সরবরাহ করবে বসুন্ধরা মাল্টিপারপাস ইন্ডাস্ট্রিজ লিমিটেড ও পালপ পেপার অ্যান্ড বোর্ড মিলস লিমিটেড। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

▶▶ পৃষ্ঠা ৭ ক. ১

## পাঠ্য বই ছাপা হবে

▶▶ প্রথম পৃষ্ঠার পর

বিভাগের এ প্রকল্পে ব্যয় হবে ১৬১ কোটি ৯৫ লাখ ২৯ হাজার ৫০০ টাকা।

মাকসুদুর রহমান জানান, নারায়ণগঞ্জের মেঘনাঘাটে ৭৫০ মেগাওয়াট উৎপাদন ক্ষমতাসম্পন্ন গ্যাস চালিত বিদ্যুৎকেন্দ্র স্থাপনে ভারতের শীর্ষ শিল্পগোষ্ঠী রিলায়েন্স গ্রুপের প্রস্তাবে চূড়ান্ত অনুমোদন দিয়েছে সরকার। কেন্দ্রটির প্রতি ইউনিট বিদ্যুতের ট্যারিফ নির্ধারণ করা হয়েছে ৫.৮৫ টাকা। ২২ বছরে এ প্রকল্পে ব্যয় হবে ৮০৯ কোটি ৪৫ লাখ টাকা।

মাকসুদুর রহমান জানান, খুলনা থেকে মোংলা বন্দর পর্যন্ত রেলপথ নির্মাণ প্রকল্পে ১০ কোটি ৬২ লাখ টাকা ব্যয় বাড়ার প্রস্তাব অনুমোদন করেছে ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এ প্রকল্পের ব্যয় ধরা হয়েছিল ৩০ কোটি ৩৩ লাখ টাকা। এখন ভ্যাটসহ প্রকল্প ব্যয় দাঁড়াল ৪০ কোটি ৯৫ লাখ টাকা। ভারতীয় ঋণে এ প্রকল্প বাস্তবায়ন হচ্ছে।

অতিরিক্ত সচিব বলেন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের আওতায় আবাসন পল্লী এলাকায় ছয় ইউনিট বিশিষ্ট দুটি ২০ তলা ভবন ও একটি ১৬ তলা ভবন নির্মাণে আলাদা তিনটি ক্রয় প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এ জন্য ব্যয় হবে ৫১১ কোটি ৪৭ লাখ টাকা। এ ছাড়া বৈঠকে বিদ্যুৎ বিভাগের ৬৯২ কোটি টাকা ব্যয়ে আরো চারটি প্রকল্প অনুমোদন দিয়েছে বলে তিনি জানান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| ইন্‌চ. পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর